6

দৈনিক ইত্তেফাক

তারিখ 21 JAN 1989
পৃষ্ঠা 1 2 কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## শিক্ষা ক্ষেত্রে সম্মিলিত উদ্যোগ প্রয়োজন

—শিক্ষামন্ত্রী

(ইত্তেফাক রিপোর্ট)

শিক্ষামন্ত্রী শেখ শহিদুল ইসলাম অজ্ঞানতা, নিরক্ষরতা ও পশ্চাৎপদতা কাটাইয়া শিক্ষাক্ষেত্রে অগ্রগতি অর্জনের জন্য শিক্ষক, ছাত্র, অভিভাবকদের সম্মিলিত উদ্যোগের আহ্বান জানাইয়াছেন। গতকাল (শুক্রবার) বিকালে শিশু একাডেমী মিলনায়তনে আনন্দ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি বলেন, সম্মিলিত প্রচেষ্টা ছাড়া দুই হাজার সনের মধ্যে সার্বজনীন শিক্ষা নিশ্চিত করা যাইবে না।

আহমদ ফজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে ফেরদৌস আখতার লিলি বৎসরের শ্রেষ্ঠ শিক্ষিকা হিসাবে পুরস্কৃত হন। প্রধান শিক্ষয়িত্রী জামিলা আখতার জানান, আনন্দ বিদ্যালয়ের নিজস্ব ভূমিতে অস্থায়ী শেড নির্মিত হইবে। মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেয় জাতীয় পুরস্কার বিজয়ী আনন্দ বিদ্যালয়ের শিক্ষার্থীরা।